যায়যায়দিন

তারিখ ০৫ ১-৩ 2006
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবির হলে হলে পুলিশ মোতায়েন

## ◆ জাবিতেও মোতায়েনের সিদ্ধান্ত

ঢাবি রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) হলগুলোতে গতকাল বুধবার থেকে পুলিশ মোতায়েন করা হয়েছে। তত্ত্বাবধায়ক সরকারের ক্ষমতা গ্রহণকে সামনে রেখে ক্যাম্পাসে সহাবস্থান বজায় রাখা, হলগুলোকে বহিরাগত ও অস্ত্রমুক্ত রাখার জন্য এ ব্যবস্থা নেয়া হয়েছে। এদিকে তত্ত্বাবধায়ক সরকারের ক্ষমতা গ্রহণের দিন থেকে কমপক্ষে এক সপ্তাহ প্রতি হলে পুলিশ মোতায়েন করতে প্রশাসনকে সুপারিশ করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) প্রক্টর অফিস।

গত বৃহস্পতিবার ঢাবি কর্তৃপক্ষের সঙ্গে পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাদের এক বৈঠকে সেখানে পুলিশ মোতায়েনের সিদ্ধান্ত নেয়া হয়। প্রাথমিক অবস্থায় প্রতিটি হলে ১০ [illegible] করে পুলিশ মোতায়েন করা হয়ে[illegible] প্রয়োজনে এ সংখ্যা বাড়ানো বা কমা[illegible] হতে পারে। এছাড়া ক্যাম্পাসে র‍্যা[illegible] টহল ও শিক্ষকদের আবাসিক এলা[illegible] আনসার মোতায়েনের বিষয়টি প্রক্রিয়া[illegible] রয়েছে বলে জানা গেছে।

জাবির রেজিস্ট্রার বরাবর গতকাল বুধ[illegible] এক চিঠিতে সেখানে পুলিশ মোতায়ে[illegible] অনুরোধ করেন প্রক্টর। গত ১৫ তারিখ [illegible] প্রভোস্টদের মিটিংয়ে হলের নিরাপ[illegible] বহিরাগত প্রবেশ ও অবস্থান ঠেকাতে প্র[illegible] হলে কমপক্ষে এক সপ্তাহ পু[illegible] মোতায়েনের সিদ্ধান্ত নেয়া হয়। এ ছা[illegible] ক্যাম্পাসে পুলিশি টহল, প্রতি গেটে ১০ [illegible] পুলিশ মোতায়েনের সুপারিশ করা হয়